

- ৪। ধন্য ধন্য যশোবন্ত হ'লো কি ভাগ্যবন্ত,
 কি বর দিয়েছিল গোঁসাই রামকান্ত ।
 তাইতে ক্ষীরোদ ছেড়ে সাঁই শ্রীকান্ত;
 এবার জগৎ পিতা হ'য়ে পিতা বলিল ॥
- ৫। ডেকে বলে হরিবর শোনরে রূপে দুরাচার ।
 কি সুখ পেয়ে ভুলে রইলি ভবেতে এবার ।
 ঐ দেখ মিলেছে চাঁদের বাজার
 বেলা থাকতে মেলা দেখতে চল, মেলা দেখতে চল ॥
- রূপচাঁদ



৭৮ নং

তাল--একতাল

- সাধুর সঙ্গ লওয়া মাত্র গো--স্পর্শে লোহা সোনা ।
 সাধুর সঙ্গ বিনে এবার কিছুই হবে না ॥
- ১। সাধুর অঙ্গে গৌরাজের বাস, সাধুর সঙ্গে স্বর্গেতে
 বাস, সে বাস, সে বাস ।
 লইলে পরে সাধুর সঙ্গ, দেহে কামগন্ধ থাকে না ॥
- ২। সাধু যদি দয়া করে, মরিলে বাঁচাইতে পারে,
 যদি দয়া করে ।
 যেমন কুমারে পতঙ্গ ধরে, আপন না ক'রে ছাড়ে না ॥
- ৩। সাধুর মুখে কৃষ্ণ কথা শুনিলে যায় মনের ব্যথা,
 সাধু পাব কোথা ?
 মায়ামোহে মস্ত হয়ে এবার সাধু চিনলেম না ॥